



খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০২)

তারিখ : ২৮-১০-২০১৯ খ্রি.

নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত ডিসিপ্লিনসমূহের প্রভাষক (বেতনক্রম ২২,০০০-৫৩,০৬০/- টাকা) এর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	ডিসিপ্লিন	পদ সংখ্যা
১।	ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন	০২ (দুই) টি (শিক্ষাছুটি জনিত শূন্য পদের বিপরীতে)
২।	পরিসংখ্যান ডিসিপ্লিন	০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে)

যোগ্যতা :

- ১। কলা ও মানবিক স্কুল এবং চারুকলা স্কুল ব্যতীত অন্যান্য সকল স্কুল/ইনস্টিটিউটের ক্ষেত্রে প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট/এ্যালাইড বিষয়ে ০৪ বা ০৫ বছর মেয়াদী প্রথম শ্রেণির স্নাতক/স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে অথবা উভয় ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ স্কেলে কমপক্ষে ৩.৫০ থাকবে হবে।
- ২। অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন এবং ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন এ শিক্ষক (প্রভাষক) নিয়োগের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নীতিমালা বহাল থাকবে। তবে স্নাতকোত্তর ডিগ্রিধারী উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীদের মধ্য থেকে বিজ্ঞাপনের মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে শিক্ষক নিয়োগ প্রদান করা যেতে পারে। সেক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন না করা পর্যন্ত উক্ত পদে স্থায়ী হবেন না এবং পরবর্তী উচ্চতর পদে নিয়োগ/আপগ্রেডেশনের জন্য আবেদন করতে পারবেন না।
- ৩। প্রার্থীর কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না এবং এস.এস.সি. ও এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে অথবা সিজিপিএ ৫.০০ স্কেলে কমপক্ষে ৪.০০ থাকবে হবে।

আবেদনের শর্তাবলী

- ১। বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ১০(দশ) সেট করে আবেদন করতে হবে। রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-এর অনুকূলে ৬০০/- (ছয় শত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় পরিশোধযোগ্য) আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। আবেদন ফরম, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে <http://ku.ac.bd/career/> এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যাবে।
- ২। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৩। প্রতি সেট আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবেঃ
 - (ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ-এর সত্যায়িত ফটোকপি
 - (খ) সকল মার্কসিট/ ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি
 - (গ) নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি
 - (ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)
- ৪। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ ডি.এ. প্রদান করা হবে না।
- ৫। আবেদনপত্র আগামী ২৯-১০-২০১৯ থেকে ১৭-১১-২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন বিকাল ৫-০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (রুম নং-২৩৯) অবশ্যই পৌঁছাতে হবে।
- ৬। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে পদ সংখ্যার হ্রাস-বৃদ্ধি হতে পারে।
- ৭। নিয়োগ প্রদান সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

E-mail : registrar@ku.ac.bd